

২০১৯


বাংলা

(সাম্মানিক)

দ্বিতীয় পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা



সমস্ত প্রশ্নের উত্তর দাও

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্রমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১৫ × ২

(ক) বাংলা ভাষার বিভিন্ন স্তরের কালসীমা নির্দেশ করে  
আদি-মধ্য বাংলার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য  
সমূহ আলোচনা কর।

৫ + ৫ + ৫

(খ) সাধু ও চলিত ভাষার সংজ্ঞাসহ বৈশিষ্ট্য লেখো। সাধু ও  
চলিত ভাষার পার্থক্য লেখো।

৭ + ৮

( Turn Over )

- (গ) বাংলা ভাষার শব্দ ভাণ্ডারের পরিচয় দাও । ১৫
- (ঘ) ঝাড়খন্ডী উপভাষার প্রচলন-ক্ষেত্র উল্লেখ করে এর ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো ।  
২ + ১ + ৬ + ৬
- ২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ২
- (ক) বাংলা ব্যাকরণ চর্চায় সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের অবদান আলোচনা করো । ৫
- (খ) রাঢ়ী ও বঙ্গালী উপভাষার তুলনামূলক আলোচনা করো । ৫
- (গ) টীকা লেখো :  
ভূয়াশব্দ বা ভুঁইফোড় শব্দ (Ghost-Word), মুণ্ডমাল শব্দ ।  
২  $\frac{১}{২}$  + ২  $\frac{১}{২}$

অথবা

- খণ্ডিত শব্দ, অপভাষা ।
- (ঘ) শব্দের অর্থ-সংক্রম ও অর্থ-সংকোচন কাকে বলে দৃষ্টান্তসহ লেখো । ৫
- ৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০ × ২
- (ক) টীকা লেখো : ওড, কমেডি । ৫ + ৫

- (খ) মহাকাব্যের বৈশিষ্ট্য ও শ্রেণিগুলি সম্পর্কে আলোচনা করো । ১০
- (গ) আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ পর্যালোচনা করো । ১০
- (ঘ) অ্যাবসার্ড নাটকের বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যাসহ লেখো । ১০
- ৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০ × ১
- (ক) অমিত্রাক্ষর ছন্দের সংজ্ঞা, বৈশিষ্ট্য, উদাহরণসহ ব্যাখ্যা করো । ২ + ৬ + ২
- (খ) টীকা লেখো : ৫ + ৫  
গদ্যছন্দ, শ্বাসাঘাত ।
- ৫। যে কোনো একটি উদ্ধৃতির ছন্দোলিপি নির্ণয় করো : ৫ × ১
- (ক) বলো কী হে, বলরাম  
কচু কেন এত দাম  
ট্যাডস এমন কেন মাগ্গি !  
জানেন না, গঙ্গায়  
জাহাজ আসে না হয় !  
পাচ্ছেন এই ঢের ভাগ্যি !

- (খ) সকল লোকের মাঝে বসে  
আমার নিজের মুদ্রাদোষে  
আমি একা হতেছি আলাদা ?  
আমার চোখেই শুধু ঘাঁধা ?  
আমার চোখেই শুধু বাধা ?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০ × ১

(ক) অনুপ্রাস অলংকার কাকে বলে ? বিভিন্ন প্রকার অনুপ্রাস  
অলংকারের পরিচয় দাও । ১০

(খ) টীকা লেখো :  
শ্লেষ, অতিশয়োক্তি । ৫ + ৫

৭। যে কোনো একটি অলংকার নির্ণয় করো : ৫ × ১

(ক) মাটিতে যাদের ঠেকে না চরণ  
মাটির মালিক তাহারাই হন ।

(খ) সীতাহারা আমি যেন মনিহারী ফণী ।